

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ বৈশাখ ১৪২৮/১০ মে ২০২১

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২১.১০৭—খ্যাতিমান সাংবাদিক ও জাতীয় প্রেস ক্লাবের
সাবেক সভাপতি জনাব হাসান শাহরিয়ার গত ১০ এপ্রিল ২০২১ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মাল্লিলাহি
... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

২। জনাব হাসান শাহরিয়ার-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার
মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার
২০ বৈশাখ ১৪২৮/০৩ মে ২০২১ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৭৬৯৫)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২০ বৈশাখ ১৪২৮
ঢাকা: -----
০৩ মে ২০২১

খ্যাতিমান সাংবাদিক ও জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি জনাব হাসান শাহরিয়ার গত ১০ এপ্রিল ২০২১ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সলিলাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

জনাব হাসান শাহরিয়ার ১৯৪৪ সালে সুনামগঞ্জ জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। দেশের সংবাদপত্রের ইতিহাসে তিনি ছিলেন এক উজ্জ্বল নক্ষত্র। বর্ণাঢ্য কর্মময় জীবনে তিনি সুদীর্ঘ পাঁচ দশকের বেশি সময় মেধা, বিবেকবোধ, পেশাদারিত্ব, দায়িত্বশীলতা ও অসাম্প্রদায়িক চিন্তা-চেতনার নিরবচ্ছিন্ন চর্চায় নিজেকে এবং বাংলাদেশের সংবাদপত্রকে এক অনন্য উচ্চতায় অধিষ্ঠিত করেছেন। মুক্তচিন্তা, প্রগতিশীল মূল্যবোধ, মুক্তিযুদ্ধের চেতনায় সোচ্চার জনাব হাসান শাহরিয়ার হয়ে ওঠেন সাংবাদিকতা জগতের এক অনন্যসাধারণ ব্যক্তিত্ব। তিনি ১৯৯৩-৯৪ সালে জাতীয় প্রেস ক্লাবের সভাপতি নিযুক্ত হয়েছিলেন।

জনাব হাসান শাহরিয়ার ছাত্রজীবনেই দৈনিক ইত্তেফাকের সুনামগঞ্জ মহকুমা প্রতিনিধি হিসাবে কাজ করেন। দৈনিক ইত্তেফাক পত্রিকায় কূটনৈতিক ও চিফ রিপোর্টারের দায়িত্ব পালনসহ একই পত্রিকার নির্বাহী সম্পাদকের দায়িত্বপালন শেষে তিনি ২০০৮ সালে কর্মজীবন সমাপ্ত করেন। তিনি দৈনিক ইত্তেফাকের পাশাপাশি আন্তর্জাতিক সাময়িকী নিউজ উইক, আরব নিউজ, ডেকান হ্যারাল্ডসহ বিভিন্ন সংবাদ মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করেন এবং প্রতিটি মাধ্যমেই নিজেকে সৃজনশীল ও পেশাদার সাংবাদিক হিসাবে প্রতিষ্ঠিত করে পাঠকমহলের সুনাম কুড়াতে সক্ষম হন। জনাব হাসান শাহরিয়ার 'কমনওয়েলথভুক্ত দেশসমূহের সাংবাদিকদের আন্তর্জাতিক সংগঠন 'কমনওয়েলথ জার্নালিস্ট অ্যাসোসিয়েশন' এর সভাপতির দায়িত্ব পালন করেন।

সাংবাদিকতার পাশাপাশি সাহিত্যক্ষেত্রেও জনাব হাসান শাহরিয়ারের সৃজনশীল পদচারণা পরিলক্ষিত হয়। তাঁর লেখা গ্রন্থগুলোর মধ্যে 'নিউজউইকে বাংলাদেশের মুক্তিযুদ্ধ', 'বিজয় এবং তারপর', 'শেষ ভালো যার সব ভালো তার', প্রভৃতি উল্লেখযোগ্য।

জনাব হাসান শাহরিয়ারের মৃত্যুতে বাংলাদেশের সংবাদমাধ্যমে সৃষ্টি হল এক গভীর শূন্যতা।

মন্ত্রিসভা জনাব হাসান শাহরিয়ার-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।